

# ১৮ অক্টোবর "শেখ রাসেল দিবস" ২০২১ চিত্রাংকন, কুইজ, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষে ১৮ অক্টোবর, ২০২১ সোমবার বিয়াম ল্যাবরেটরি স্কুল, ঢাকা ও বিয়াম মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা এর পক্ষ থেকে চিত্রাংকন, কুইজ, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেনঃ

\* ড. এম. মিজানুর রহমান, মহাপরিচালক বিয়াম ফাউন্ডেশন, ঢাকা

এবং সভাপতি বি.এল.এস ও বি.এম.এস.সি.পরিচালনা পর্ষদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

\* আব্দুল মালেক, পরিচালক প্রশিক্ষণ ও শিক্ষা (অ.দা)।

আমন্ত্রিত অতিথি ছিলেন

\* রাবেয়া আক্তার, সহকারী পরিচালক, শিক্ষা।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন

\* সাহানা হক, অধ্যক্ষ বিয়াম ল্যাবরেটরি স্কুল, ঢাকা ও

\* সাজ্জাদুর রহমান, অধ্যক্ষ বিয়াম মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা

শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তুলেছিল। অনুষ্ঠানের সার্বিক আয়োজনে ছিল উভয় শিক্ষা প্রতিষ্ঠানের সাংস্কৃতিক কমিটি- ২০২১ এর সকল সদস্য।

















